



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা

www.caab.gov.bd



স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.২০৩.২০.৫৪২

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯

২৪ মে ২০২২

বিষয়: জনাব অতনু কুমার তারণ, রেডিও টেকনিশিয়ান-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা (মামলা নং-০৬/২০২২) রুজুকরণ।

### অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব অতনু কুমার তারণ (পিতা-শংকর কুমার তারণ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০১/০৭/২০২০ তারিখ চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে সিভিল এভিয়েশন একাডেমীতে প্রশিক্ষণ শেষে গত ০৯/০৬/২০২১ তারিখ কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজারে পদায়ন করা হলে আপনি পদায়িত দপ্তরে যোগদান করেননি;

০২. যেহেতু, কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে অনুপস্থিত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ১৫/১১/২০২১ তারিখ সদর দপ্তর কর্তৃক ব্যাখ্যা তলব করে আপনার স্থায়ী ঠিকানায় পত্র দেওয়া হয় এবং জবাব না আসায় ০১/০৩/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয়;

০৩. যেহেতু, কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনি কর্তৃপক্ষের চাকরি ত্যাগ করেছেন মর্মে স্পষ্টতঃ প্রতীয়মান; এবং

৪.০ যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।

৫.০ সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৫০(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি সশরীরে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এসাথে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০১ (এক) পাতা।

২৫-৫-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

জনাব অতনু কুমার তারন, পিতা-শংকর কুমার তারণ,

রেডিও টেকনিশিয়ান, বর্তমান আবাসিক ঠিকানা: ২০৩  
বড়ভাট মসজিদ, লালবাগ, আজিমপুর, ঢাকা।  
স্থায়ী ঠিকানা: গ্রাম ও ডাকঘর-পারখাজুরা, উপজেলা-  
মনিরামপুর, জেলা-যশোর।

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৪.২০৩.২০.৫৪২/১(৬)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪২৯  
২৪ মে ২০২২

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সিএনএস), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৩) পরিচালক (সিভিল এভিয়েশন একাডেমি), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, **WhatsApp** নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।
- ৪) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
- ৫) বিমানবন্দর ব্যবস্থাপক, কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার (পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তার বেতন-ভাতা যথারিতি বন্ধ থাকবে)।
- ৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন-৩ (সদর দপ্তর) শাখা, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ



২৫-৫-২০২২

মো: মিজানুর রহমান

সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা

প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা

www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

জনাব অতনু কুমার তারণ (পিতা-শংকর কুমার তারণ) বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ০১/০৭/২০২০ তারিখ চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে সিভিল এভিয়েশন একাডেমীতে প্রশিক্ষণ শেষে গত ০৯/০৬/২০২১ তারিখ কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজারে পদায়ন করা হলে তিনি পদায়িত দপ্তরে যোগদান করেননি। কর্মস্থলে যোগদান না করে বিনানুমতিতে অনুপস্থিত থাকায় কেন তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে গত ১৫/১১/২০২১ তারিখ সদর দপ্তর কর্তৃক ব্যাখ্যা তলব করে তার স্থায়ী ঠিকানায় পত্র দেওয়া হয় এবং জবাব না আসায় ০১/০৩/২০২২ তারিখ তাগিদপত্র দেওয়া হয়। কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকায় তিনি কর্তৃপক্ষের চাকরি ত্যাগ করেছেন মর্মে স্পষ্টতঃ প্রতীয়মান।

২.০ জনাব অতনু কুমার তারণ (পিতা-শংকর কুমার তারণ), রেডিও টেকনিশিয়ান-এর উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।